গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নং- বিচার-৪/৫সি-৪/২০১২-২৯১

তারিখঃ ১২-০২-২০১৫ খ্রিঃ

**বিষয়ঃ পটুয়াখালী জেলার রাঙ্গাবালি উপজেলার দেওয়ানী ও ফৌজদারী মামলা নির্ধারিত অধিক্ষেত্র কলাপাড়া উপজেলা সহকারী জজ আদালত ও ম্যাজিস্ট্রেট আদালতে স্হানান্তর প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার রাঙ্গাবালী উপজেলার দেওয়ানী ও ফৌজদারী মামলার স্থানীয় অধিক্ষেত্র উক্ত জেলার গলাচিপা উপজেলা সহকারী জজ আদালত ও ম্যাজিস্ট্রেট আদালত হতে পরিবর্তন করে রাঙ্গাবালি উপজেলার দেওয়ানী ও ফৌজদারী মামলার স্থানীয় অধিক্ষেত্র হিসাবে কলাপাড়া সহকারী জজ আদালত ও ম্যাজিস্ট্রেট আদালতকে নির্ধারণের আদেশের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৮৫৯০/২০১৩ দায়ের করা হয়েছে এবং উক্ত মামলায় আদালত কর্তৃক স্থগিতাদেশ প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে মামলা বিচারাধীন থাকার কারণে অত্র বিভাগের ০৪-০২-২০১৫ খ্রিঃ তারিখের বিচার-৪/৫সি-৪/২০১২-২৫৬ নং স্মারকপত্রের কার্যক্রম বাতিল করা হলো।

১২/০২/১৫
(উৎপল চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭৪১৬(অঃ)

<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণঃ</u>

১. জেলা ও দায়রা জজ, পটুয়াখালী।
২. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী।
৩. পুলিশ সুপার, পটুয়াখালী।
৪. সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গলাচিপা/কলাপাড়া।
৫. সিনিয়র সহকারী জজ, গলাচিপা/কলাপাড়া।
৬. সভাপতি, জেলা আইনজীবী সমিতি, পটুয়াখালী।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৮. প্রোগ্রামার আইটি সেল, আইন ও বিচার বিভাগ।